Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৶০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ৴০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।



## চক্রবর্ত্তী সাইকেল ষ্টোর

সাইকেল, টায়ার, টিউব, হ্যাসাগ, গ্রামোফোন প্রভৃতি পার্টস বিক্রেতা ও মেরামতকারক।

নির্দ্ধারিত সময়ে সাইকেল সরবরাহ করা হয়।

রঘুনাথগঞ্জ মেছুয়াবাজার (কদমতলা)



৪৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৯ই জ্যৈষ্ঠ বুধবার ১৩৬৩ ইংরাজী 23rd May, 1956 { ২য় সংখ্যা






দূরের মানুষ কাছে হয়

ফটো যদি সঙ্গে রয়

রঘুনাথগঞ্জ কাপড়ে পট্টিতে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।



স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

## হ্যানিম্যান হল

### মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম হোমিও প্রতিষ্ঠান

এখানে দি মডার্ণ হোমিও রিসার্চ ইনষ্টিটিউট কোম্পানী কর্ত্তৃক আবিষ্কৃত যাবতীয় হোমিও ইন্‌জেকশান এবং পেটেণ্ট ঔষধ কোম্পানীর দরে বিক্রয় হয়। ব্যবহারে ফল সুনিশ্চিত। এই মাত্র বাহির হইল ডাঃ সতীশচন্দ্র সরকার মহাশয় কৃত হোমিও ও বাইওকেমিক মতে **"বসন্ত চিকিৎসা"** মূল্য মাত্র আট আনা।

হ্যানিম্যান হল

খাগড়া মুর্শিদাবাদ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৯ই জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৬৩ সাল।

## হাকিমের হুকুম ফিরলো!

—•—

ইংরাজ ১৯১২ খ্রীষ্টাব্দ হইতে বাংলার মানভূম প্রভৃতি অঞ্চলকে বিহার সরকারের শাসনাধীনে অর্পণ করে। এই সুদীর্ঘ ৪৪ বৎসর কাল বিহারের সুশাসনে তাঁহারা এতদূর মুগ্ধ (দগ্ধ?) হইয়াছেন, যে পশ্চিম বাংলায় বিহারের সহিত সংযুক্তি বিরোধী আন্দোলন সুরু হইবার পর হইতেই "তপ্ত কটাহ হইতে জলন্ত অগ্নিতে" পতিত হইবার ভয়ে মনে মনে নানা চিন্তা করিয়া শেষে মানভূম লোকসেবক সঙ্ঘের ১০০৪ জন পুরুষ-সিংহ শ্রীঅতুলচন্দ্র ঘোষের নেতৃত্বে ১৭৫ মাইল পদব্রজে অতিক্রম করিয়া কলিকাতায় সত্যাগ্রহ করিবার সংকল্প করিলেন। পথিমধ্যে তাঁহারা যে যে স্থানে ক্লান্তি নিবারণ জন্য বিশ্রাম গ্রহণ করেন, সেই স্থানেই সসম্মানে আতিথ্য সৎকার লাভ করেন। কলিকাতায় উপস্থিত হইলে কলিকাতার বহু সম্মানিত নাগরিকগণ তাঁহাদের প্রতি যথাসাধ্য আদর সম্মান প্রদর্শন করিয়া সম্বর্দ্ধনার সহিত স্বাগত সম্ভাষণ জ্ঞাপন করেন। এই সহস্রাধিক ব্যক্তির নেতৃত্ব করেন ৭৭ বৎসর বয়স্ক মানভূমকেশরী শ্রীঅতুলচন্দ্র ঘোষ। তাঁহার সুযোগ্যা সহধর্ম্মিণী বীরাঙ্গনা শ্রীমতী লাবণ্যপ্রভা ঘোষ ও পুত্র শ্রীমান্ অরুণচন্দ্র ঘোষ তাঁহার সঙ্গেই ছিলেন। গত ৭ই ও ৯ই মে দুই দিনে নেতাজী সুভাষ রোডে পশ্চিম বাংলার প্রযুক্ত ১৪৪ ধারা অমান্য করিয়া গ্রেপ্তার বরণ করেন। ইঁহাদের সকলকে ২১শে মে পর্য্যন্ত বিচারাধীন বন্দীরূপে জেল হাজতে রাখার আদেশ প্রদত্ত হইল। ৭ই মে তারিখে ৯৬৫ জন গ্রেপ্তার [...]য়। ফৌজদারী আদালতের ইতিহাসে একটি [...]লায় এক সঙ্গে ৯৬৫ জনের গ্রেপ্তারের নজীর [...]নভূমের লোকসেবক সংঘ যেন পূর্ব্ববর্ত্তী রেকর্ড ভঙ্গ করিলেন। এক জেলে এতগুলি বন্দীর স্থান সঙ্কুলান না হওয়ায় পৃথক পৃথক জেলে ইঁহাদের পাঠান হইয়াছিল।

হাকিমের হুকুম ছিল ২১শে মে পর্য্যন্ত ইঁহাদের হাজতে রাখার। কিন্তু ১৯শে মে "হাকিম ফিরে তো হুকুম ফিরে না" কথার ব্যত্যয় করিয়া সবকে মুক্তি দেওয়া হইল।

---

## বন্দী সম্বর্দ্ধনা

—•—

১৯শে মে বেলা দ্বিপ্রহরে প্রেসিডেন্সী জেল ও আলিপুর জেল হইতে মুক্তিপ্রাপ্ত মানভূমের সহস্রাধিক সত্যাগ্রহীকে সম্বর্দ্ধনার জন্য জেলের প্রবেশ দ্বারে কলিকাতার নানা প্রতিষ্ঠানের নেতৃবৃন্দ উপস্থিত হইয়া তাঁহাদের লইয়া পরম উৎসাহে শোভাযাত্রা করিয়া পথের দুপাশে নরনারী আবাল বৃদ্ধ সকলের বিপুল হর্ষের মধ্যে দেশপ্রিয় পার্কে কেন্দ্রীয় অভ্যর্থনা সভার সভাপতি শ্রীঅতুলচন্দ্র গুপ্তের সভাপতিত্বে এক বিরাট সভায় সদ্য মুক্তিপ্রাপ্ত মানভূমের লোকসেবক সঙ্ঘের ৭৭ বৎসর বয়স্ক দেশবিখ্যাত মানভূম-কেশরী শ্রীঅতুলচন্দ্র ঘোষ ও তাঁহার সহযাত্রী বীরদলের সকলকে সম্বর্দ্ধনা জ্ঞাপন করা হয়।

সম্বর্দ্ধনার উত্তরে শ্রীঅতুলচন্দ্র ঘোষ বলেন, আমাদের যে সম্বর্দ্ধনা ও অভিনন্দন পশ্চিমবঙ্গ বিশেষ করিয়া কলিকাতার লোকে জানাইয়াছেন তাহাতে আমরা মুগ্ধ হইয়াছি। কলিকাতার স্থানে স্থানে ও পশ্চিমবঙ্গের গ্রামে গ্রামে যে অভূতপূর্ব্ব চেতনা দেখিয়াছি তাহাতে ইহাই সম্যক উপলব্ধি করিয়াছি যে, বাংলার জনমত জাগ্রত। স্বর্গীয় ডাঃ মেঘনাদ সাহা ও জ্ঞানাঞ্জন নিয়োগী যে আন্দোলনের পুরোভাগে ছিলেন, বাঙ্গালার যুবশক্তি তাহাকে শক্তিশালী ও দুর্ব্বার করিয়া তুলিবেন বলিয়া আমি দৃঢ় বিশ্বাস রাখি। তাহারা যেন মনে রাখেন ঐ আন্দোলনকে কখনও ম্লান হইতে দেওয়া যাইবে না। আমাদের দাবী স্বীকৃত না হওয়া পর্য্যন্ত উহা চলিতেই থাকিবে। আমি আপনাদের কৃতজ্ঞতা জানাই। বন্দেমাতরম্।"

## অপপ্রচারক দায়িত্বহীন সংবাদপত্রের নাম কি?

শ্রীঅরুণচন্দ্র ঘোষ বলেন, আপনাদের এই সম্বর্দ্ধনা এক দাবী এবং আদর্শের প্রতি সেইজন্য আমরা কৃতজ্ঞ। বাঙ্গালার এই আত্মচেতনা বড় আশা ও আনন্দের। আজ একটি সংবাদপত্রে এক সংবাদ প্রকাশিত হইয়াছে যে, "মানভূমের সত্যাগ্রহীরা দেশে ফিরিয়া যাওয়ার জন্য ব্যগ্র হইয়াছে। চাষীরা চাষ সম্মুখে বলিয়া আরও ব্যস্ত হইয়াছেন; তাই সরকার দয়াপরবশ হইয়া তাহাদের ছাড়িয়া দিতেছেন।" ইহা বড়ই লজ্জার কথা যে, একটি দায়িত্বশীল সংবাদপত্রে এইরূপ ভুয়া প্রচার করিয়া চরম দায়িত্বজ্ঞানহীনতার পরিচয় দিতে পারে। সংবাদপত্রটির সংবাদ সভায় পাঠ করিয়া তিনি বলেন যে, সরকারের পক্ষে এই সংবাদপত্রটি অপপ্রচারের ভার গ্রহণ করিয়াছেন বলিয়াই মনে হয়। অন্যথায় এইরূপ আজগুবি সংবাদ তাহারা কেন পরিবেশন করিবেন। জেলে কারা বিভাগের মন্ত্রী আমাদের কাছে জানিতে চাহিয়াছিলেন যে, তাহারা আমাদের মুক্তি দিলে কলিকাতায় আবার সত্যাগ্রহ করার পরিকল্পনা আমাদের আছে কি-না? আমরা তাহাতে জানাইয়াছিলাম যে কোন অনুগ্রহ লাভের জন্য আমরা ১৭৫ মাইল পদব্রজে আসিয়া সত্যাগ্রহ করি নাই। সত্যাগ্রহ যে কোন মুহূর্ত্তেই করা যাইতে পারে। মানভূমের সত্যাগ্রহীরা জানিয়াই আসিয়াছেন যে তাঁহাদের উপর লাঠি, গুলি—অত্যাচার সবই আসিতে পারে। তাঁহারা আরাম করিতে আসেন নাই। দীর্ঘদিন কারাবাস হইবে জানিয়াই আমরা এখানে আসিয়াছি। সরকার এই অল্পদিনের মধ্যে ছাড়িয়া দিয়া তাঁহার দুর্ব্বল নীতিরই পরিচয় দিয়াছেন। আমাদের সত্যাগ্রহ অভিযানের এই প্রথম ধাপ মাত্র। আমরা ভূমিকা রচনা করিয়া রাখিয়া গেলাম। আগামী দিনে আমরা বাঙ্গালা তথা ভারতের সমগ্র মুক্তিকামী জনতার সঙ্গেই ঐক্যবদ্ধভাবে সংগ্রামে আগাইয়া যাইব। আমাদের এই অভিযান মাতৃভাষার ভিত্তিতে ভারতের সব রাজ্য গঠনের জন্য। আমাদের উদ্দেশ্য সম্পূর্ণই অসম্পূর্ণ রহিয়াছে এবং যতদিন ভাষাভিত্তিক প্রদেশ গঠিত না হইবে ততদিন আন্দোলন শেষ হইবে না।

## পশ্চিমবঙ্গে আফিম নিয়ন্ত্রণ

আসক্ত ব্যক্তিদিগকে অভ্যাস পরিবর্ত্তনের জন্য

অনুরোধ

যদিও ১৯৪৯ সাল হইতেই পশ্চিমবঙ্গে আফিম ক্রেতাদের মাথাপিছু সাপ্তাহিক বরাদ্দে বার্ষিক শতকরা ১০ ভাগ কমাইয়া আফিম নিয়ন্ত্রণ ব্যবস্থা চালু রহিয়াছে এবং ইহার উদ্দেশ্য হইতেছে ১৯৫৮ সালের ৩১শে মার্চ্চের পরে কেবল বৈজ্ঞানিক কারণে এবং চিকিৎসার জন্য ব্যবহার করা ছাড়া সম্পূর্ণভাবে আফিম ব্যবহার নিষিদ্ধ করা, তবু ক্রেতাদের মধ্যে বহুসংখ্যক ব্যক্তি তাঁহাদের অজ্ঞতার জন্য বা অন্য কোন কারণে পুনরায় তাঁহাদের মূল বরাদ্দের ব্যবস্থা চালু করিবার জন্য সরকারকে বারংবার অনুরোধ করিয়া বিব্রত করিতেছেন। এইরূপ অনুরোধে কোন মতেই সম্মত হওয়া সম্ভব নয়। বস্তুতঃ নির্দ্দিষ্ট দিনের মধ্যে যাহাতে আফিম সম্পূর্ণভাবে নিষিদ্ধ করা যায় এই উদ্দেশ্যে ভারত সরকার গাজীপুর আফিম কারখানা হইতে রাজ্যে আফিম সরবরাহের পরিমাণ প্রতি বৎসর কমাইয়া দেওয়া হইতেছে।

সুতরাং আফিম আসক্ত ব্যক্তিদের অনুরোধ করা যাইতেছে তাঁহারা যেন নিজস্ব সুবিধার জন্য এখন হইতেই ক্রমান্বয়ে এই কমতি সরবরাহের উপযোগী করিয়া তাঁহাদের অভ্যাসের পরিবর্ত্তন করেন যাহাতে ১৯৫৮ সালের ৩১শে মার্চ্চের পর আফিম ব্যবহার সম্পূর্ণভাবে নিষিদ্ধ হইয়া গেলে তাঁহারা খুব বেশী অসুবিধা বা শারীরিক অস্বাচ্ছন্দ্য বোধ না করেন। ইতিমধ্যে তাঁহারা যেন তাঁহাদের দৈনিক আফিমের বরাদ্দ কমাইয়া এবং প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত অভ্যাস বর্জনের ব্যবস্থা করেন।

—প্রেসনোট

## গুণযুক্ত চিকিৎসা ব্যবসায়ীদের নামের তালিকা সংগ্রহ

স্বাস্থ্য কৃত্যকের অধিকর্ত্তার নিকট

বিস্তারিত বিবরণ প্রেরণের ব্যবস্থা

পশ্চিমবঙ্গের স্বাস্থ্য কৃত্যক অধিকার এ্যালোপ্যাথিক পদ্ধতিতে চিকিৎসারত গুণ যুক্ত চিকিৎসকদের মধ্যে যাঁহারা কর্ম্মহীন বা আংশিক কর্ম্মে নিযুক্ত তাঁহাদের নামের একটি তালিকা সংগ্রহ করিবার প্রস্তাব করিয়াছেন। নিবন্ধনভুক্ত চিকিৎসকদের মধ্যে যাঁহাদের আয় মাসিক ১০০৲ টাকার বেশী নহে, তাঁহাদিগকে অনুরোধ করা যাইতেছে তাঁহারা যেন ১৯৫৬ সালের ৩১শে মে এর মধ্যে কলিকাতার রাইটার্স বিল্ডিংস্থ পশ্চিমবঙ্গ স্বাস্থ্য কৃত্যকের অধিকর্ত্তার নিকট তাঁহাদের নাম, ঠিকানা, গুণাবলী এবং রেজিষ্ট্রেশন নম্বর পাঠাইয়া দেন।

—প্রেসনোট

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## নিলামের দিন ১১ই জুন ১৯৫৬

### ১৯৫৫ সালের ডিক্রীজারী

৪৭১ খাং ডিঃ ফুলচাঁদ শেঠী দেং নীলরতন রায় দিং দাবি ২২॥৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে কুতুবপুর ও চক কুতুবপুর ২-৪৪ শতকের কাত ৫/২ আঃ ৪৪৫৲ খং ৩০, ১৮

৪৭২ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২২॥৶৯ থানা ঐ মৌজে নশীপুর ৪-৪৭ শতকের কাত ৫।৶০ আঃ ২০৪৲ খং ৬৬

৩০ অন্য ডিঃ রিসিভার তুলসীদাস মজুমদার দেং বিনয়কৃষ্ণ চক্রবর্ত্তী দাবি ২৩৪।৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে ছোট কালিয়াই ১-৬২ শতক মধ্যে ৵০ আনা অংশ কাত ১৪।৶১১ পাই এর অন্তর্গত আঃ ১৫০৲ খং ৩৩৮

### ১৯৫৬ সালের ডিক্রীজারী

১০৫ খাং ডিঃ তারাপদ মিত্র দিং দেং গোপাল মণ্ডল দিং দাবি ৫১৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে চর এনায়েতনগর ২-৬৯ শতকের কাত ১৮।০ আঃ ২৫৲ খং ৩ কোর্ফা স্বত্ব

৩৫ খাং ডিঃ বিমল সিংহ কুঠারী দেং শান্তিময় রায় চৌধুরী দিং দাবি ৭৮।৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে তালাই ৫-৬০ শতকের কাত ২৩।২ আঃ ৫০০৲ খং ১৯৪

১১ খাং ডিঃ যাদবেন্দ্রনাথ ভট্টাচার্য্য নাঃ দিং দেং আনন্দ সাহা দিং দাবি ৩৩৸৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাড়ালা ২৩ শতকের কাত ৪৲২ আঃ ২৫৲ খং ৫২৯

১২ খাং ডিঃ ঐ দেং সাওকাত আলী সেখ দিং দাবি ৬৪॥০ মৌজাদি ঐ ১-৫৭ শতকের কাত ১১॥/০ আঃ ১৫৫৲ খং ৫৬১

১৩ খাং ডিঃ ঐ দেং হরিহর ঘোষাল দিং দাবি ৫৬৶৬ পাই থানা রঘুনাথগঞ্জ মৌজে মণ্ডলপুর ১-৭৮ শতকের কাত ১০৸৵৯ আঃ ১৭৫৲ খং ৩৩২

১৫ খাং ডিঃ ঐ দেং অক্ষয়কুমার বারিক দিং দাবি ৬১।৶৩ থানা ঐ মৌজে সিমলা ও বাড়ালা ১-৯০ শতকের কাত ১৮৵১ আঃ ১৯০৲ খং ১০৮ ও ৫১৫

১৬ খাং ডিঃ ঐ দেং নাজিরুদ্দিন মোল্লা দিং দাবি ৬৫॥/৩ থানা ঐ মৌজে মথুরাপুর ২-১৭ শতকের কাত ১৩৲ আঃ ২১৫৲ খং ২১৫

১৯ খাং ডিঃ ঐ দেং সলিম সেখ দিং দাবি ৭৪৲৩ মৌজাদি ঐ ৫-৬৪ শতকের কাত ২১।/৯ আঃ ৫৬১৲ খং ২৩৭

২০ খাং ডিঃ ঐ দেং বটকৃষ্ণ ঘোষ দিং দাবি ৩৭॥৯ মৌজাদি ঐ ২-০৩ শতকের কাত ৯।৶৯ আঃ ২০০৲ খং ২৪০

৫১ খাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দিং দেং শিবশঙ্কর মুখোপাধ্যায় দাবি ৭৪৸/০ থানা সুতী মৌজে হিলোড়া ২-৪ শতকের কাত ১০।৪ আঃ ২০০৲ খং ৩২৫ ও ৩২৬

৫৫ খাং ডিঃ ঐ দেং কৃপাসিন্ধু মুখোপাধ্যায় দাবি ১২৪।৶৯ মৌজাদি ঐ ৩-৭২ শতকের কাত ১৭/৩ আঃ ৩৭০৲ খং ৩২৭ অধীনস্থ খং ৪৭০। ৪৭১। ৪৭২

৫৭ খাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিঃ দেং ফাইজুদ্দিন সেখ দিং দাবি ৪৮॥৬ পাই থানা রঘুনাথগঞ্জ মৌজে ঝামরা গঙ্গাপ্রসাদ, খানপুর, নশিপুর ৪-৩৩ শতকের কাত ১৩৶৯ আঃ ৪৩০৲ খং ৯০, ২২, ৫৫

৩৮ খাং ডিঃ তালিবপুর জয়েণ্ট ওয়াকফ ষ্টেটের মতোয়ালিগণ মৌলবী গোলাম জিলানী দিং দেং কালীপদ দাস দিং দাবি ৮৭৸০ থানা রঘুনাথগঞ্জ মৌজে শ্রীকান্তবাটী ১-৬৬ শতকের কাত ১৩॥/৫ পাই আঃ ১৬৫৲ খং ২৭৩ রায়ত স্থিতিবান স্বত্ব

৪০ খাং ডিঃ ভুজঙ্গভূষণ দাস দিং দেং হাজি ইয়াকুব আলি সেখ দিং দাবি ৪২৸৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে ভাবকী ৫১ শতকের কাত বৃদ্ধিসহ ৫।/১৫৸ তন্মধ্যে নিজাংশে ৸৵১৯॥/ ক্রান্তি আঃ ৫[illegible] ১১০ রায়ত স্থিতিবান স্বত্ব

১৯৫৫ সালের ডিক্রীজারী

৩৪৭ খাং ডিঃ সেবাইত রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং জয়ন্তী দেবী দিং দাবি ২১৮৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে ইলাসপুর ২-৮৭ শতকের কাত ৪।/০ আঃ ২৮৫৲ খং ২৮

৪১৭ খাং ডিঃ মহেশপুর রাজ এষ্টেট দিং দেং সুধাকর দাস দিং দাবি ৮৪৸৶০ থানা সুতী মৌজে খিদিরপুর ৪-২৬ শতকের কাত ৫৸৶১ পাই আঃ ৪২৫৲ খং ৬৫

৪১৮ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৩/৩ পাই মৌজাদি ঐ ১-০৫ শতকের কাত নিজাংশে ১॥২ পাই আঃ ১০৫৲ খং ৬৬

২৩৫ খাং ডিঃ পদ্মকামিনী দেবী দেং বাবুলাল দাস দাবি ৩২॥/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে সোনা-টিকুরী /৪ কাঠার কাত ২৲ আঃ ৮৲ খং ৭।৮ রায়ত স্থিতিবান স্বত্ব

৪৬২ খাং ডিঃ তালিবপুর জয়েন্ট ওয়াকফ ষ্টেটের মতোয়ালিগণ মৌলবী গোলাম জিলানী দিং দেং ফণিভূষণ মিস্ত্রী দিং দাবি ৭৪।/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে শ্রীকান্তবাটী ১-৯০ [illegible]তকের কাত ১১৵০ আঃ ১৯০৲ খং ২১৮

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত নিলামের দিন ১৮ই জুন ১৯৫৬

১৯৫৬ সালের ডিক্রীজারী

৩১ খাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেং যুগলপদ মণ্ডল দিং দাবি ৫৩॥৵০ থানা সাগরদীঘি মৌজে ডোমাইপুর ২-৪১ শতকের কাত ১৬॥/৬।০ আঃ ১৫০৲ খং ৮৫

২২ খাং ডিঃ ঐ দেং কাশেদ সেখ দাবি ১৯।৯ পাই থানা ঐ মৌজে খৈরটী ৭৯ শতকের কাত ৩/১০ আঃ ৭৫৲ খং ৪০৬

২৩ খাং ডিঃ ঐ দেং গোলচেহরা বিবি দাবি [illegible]৬॥৵৬ মৌজাদি ঐ ৬১ শতকের কাত ২/১৫ গণ্ডা আঃ ৫০৲ খং ৩৮৩

২৯ খাং ডিঃ ঐ দেং এবারক হোসেন দিং দাবি [illegible]।৯ পাই মৌজাদি ঐ ১-২৩ শতকের কাত ১৮৵৩ [illegible] আঃ ৫০৲ খং ৩

[illegible] খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৯।/১ পাই [illegible]৬ শতকের কা[illegible]।/১১॥০ গণ্ডা আঃ

৪৯ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬৸৵০ মৌজাদি ঐ ৭৩ শতকের কাত ২।৶১৭ গণ্ডা আঃ ৫০৲ খং ৩৭৮

৫০ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৯৸৵৩ পাই মৌজাদি ঐ ১৫ শতকের কাত ॥৵২ পাই আঃ ১০৲ খং ৩৮

৫৩ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৪॥০ মৌজাদি ঐ ১-৩৬ শতকের কাত ৫৻৮॥০ গণ্ডা আঃ ৫০৲ খং ১৭

৫৯ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২০।৶০ মৌজাদি ঐ ১-৫ শতকের কাত ৩।/১০ পাই আঃ ৮০৲ খং ৪২

৬১ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪৵০ মৌজাদি ঐ ৫৪ শতকের কাত ১॥৶১০ পাই আঃ ২৫৲ খং ১৬৪

৩২ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩॥০ থানা ঐ মৌজে শ্যামপুর ১৫ শতকের কাত ১/০ আঃ ২৫৲ খং ৯৮

৩৩ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩।৵০ মৌজাদি ঐ ১২ শতকের কাত ১৲ আঃ ২০৲ খং ৯৯

৪৮ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২২।০ থানা ঐ মৌজে আথুয়া ১-২০ শতকের কাত ৪।/১০ পাই আঃ ৬০৲ খং ৯৭

৫১ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩০৵৫ পাই মৌজাদি ঐ ২-১৬ শতকের কাত ৭।৵৫ পাই আঃ ১০০৲ খং ৮৬

৫২ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২০।৶১০ পাই থানা ঐ মৌজে বেলইপাড়া ৮১ শতকের কাত ৩৸১০ পাই আঃ ৫০৲ খং ৩০৯

৫৪ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯।১ পাই মৌজাদি ঐ ৭০ শতকের কাত ৩।/১০ পাই আঃ ৫০৲ খং ১৯৬

৫৫ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪৸৯ পাই মৌজাদি ঐ ৪৭ শতকের কাত ২/৫ পাই আঃ ৪৫৲ খং ৩২৩

৫৬ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩৸৶৪ পাই মৌজাদি ঐ ১৬ শতকের কাত ১৸৯ পাই আঃ ১০৲ খং ১৯৯

৫৮ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৮॥৫ পাই মৌজাদি ঐ ১-৩৬ শতকের কাত ৪।৶৪ পাই আঃ ১০০৲ খং ১৯৮

৬০ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৬।/৬ পাই থানা ঐ মৌজে কোতলা ১-৫৪ শতকের কাত ৩॥/৯ পাই আঃ ১০০৲ খং ৭৭

৫ খাং ডিঃ যাদবেন্দ্রনাথ ভট্টাচার্য্য নাং দিং দেং গোপালচন্দ্র চট্টোপাধ্যায় দাবি ২২॥৶৯ পাই থানা সাগরদীঘি মৌজে উত্তর কালিকাপুর ৩৬ শতকের কাত ৩৸৶০ আঃ ৩০৲

৬ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৮।৶৯ পাই মৌজাদি ঐ ২-৮৬ শতকের কাত ১৩॥০ আঃ ১০০৲ খং ৭৭

৩৭ খাং ডিঃ ট্রাষ্টি গোবিন্দভূষণ চৌধুরী দিং দেং কাশেমালী সেখ দিং দাবি ৪৮৸৩ পাই থানা সাগর-দিঘী মৌজে কৈয়ড় ২-৫৬ শতকের সেস ৸৶৬ আঃ ১০০৲ খং ৫২৫

৩৯ খাং ডিঃ ঐ দেং ভুজঙ্গভূষণ দাস দিং দাবি ৩১।/৩ পাই মৌজাদি ঐ ৪৪ শতকের সেস ॥/৯ আঃ ২৫৲ খং ৯

৪০ খাং ডিঃ ঐ দেং ঝাবু দাসী নাবালিকা পক্ষে গোষ্ঠ কুনাই দাবি ১৬৲ মৌজাদি ঐ ০২ শতকের কাত ৸০ আঃ ৫৲ খং ২৪৩

৪১ খাং ডিঃ এ দেং শ্যামাপদ সাহা দিং দাবি ১১৩।০ মৌজাদি ঐ ৪-৬৭ শতকের কাত ২৩৵১০ আঃ ১০০৲ খং ২৯৫

৪২ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৮৬/৬ পাই মৌজাদি ঐ ৪-৩৩ শতকের কাত ১৮।৶১৮ গঃ আঃ ১০০৲ খং ২৯৪

৪৫ খাং ডিঃ শ্রীপৎ সিং গোলেস্থা দেং রবি মণ্ডল দাবি ২৯/৩ পাই থানা সাগরদিঘী মৌজে পশ্চিম মাটিয়াপাড়া ৪৪ শতকের কাত ৩৶৯ আঃ ২৫৲ খং ৯৬

১৯৫৫ সালের ডিক্রীজারী

২২০ খাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলাক্ষা দেং ডাঃ ফণিভূষণ সরকার এল-এম-এফ দাবি ৬৮॥৬ পাই থানা সাগরদিঘী মৌজে সাওরাইল ৪-২২ শতকের কাত ৪০৶৫ তন্মধ্যে অর্দ্ধাংশ আঃ ১১৫৲

২২১ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৯৬॥৵৯ পাই মৌজাদি ঐ ৩-৫ শতকের কাত ২৮৵৯ আঃ ২৫০৲ খং ২৯৭

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

তিনি আরও বলেন, 'দেশের বিভিন্ন স্থানে স্বৈরাচার চালাইয়া কংগ্রেস সরকার প্রমাণ করিয়াছেন যে তাঁহাদের আর গদীতে বসিয়া থাকার কোন অধিকারই নাই। বিহার সরকার অনেক প্রাদেশিকতার বিষ ছড়াইয়াছেন, সংগ্রাম ঘোষণা করিয়াছেন, কিন্তু নেহরু পরিচালিত কেন্দ্রীয় সরকার বা ভারতীয় কংগ্রেস কখনও সেই দিকে দৃষ্টিপাত করা প্রয়োজন বোধ করেন নাই। উপসংহারে তিনি বলেন বাঙ্গালা তাহার মহান্ নেতৃত্ব দ্বারা সমগ্র ভারতকে পথ দেখাইবে ইহাই আমার আবেদন।'

---

## শ্রীমতী লাবণ্যপ্রভা ঘোষ

জনবরেণ্য শ্রীঅতুলচন্দ্র ঘোষের সহধর্ম্মিণী ও সহকর্ম্মিণী শ্রীমতী লাবণ্যপ্রভা ঘোষ জঙ্গিপুরের উকীল স্বর্গত সুরেশচন্দ্র মিত্র মহাশয়ের ভাগিনেয়ী,—জাঙ্গপুর ফৌজদারী আদালতের মোক্তার শ্রীফণিভূষণ মিত্রের পিসতুতো ভগ্নী। এই সংবাদ আমরা সানন্দে প্রচার করিলাম।

---

## ঝড়ে ক্ষতি

গত ৪ঠা জ্যৈষ্ঠ শুক্রবার বৈকালে রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত সেন্‌ডা গ্রামে ঝড়ে একটী প্রকাণ্ড তেঁতুল গাছ উৎপাটিত হইয়াছে এবং অনেকগুলি গাছের ডালপালা ভাঙ্গিয়া পড়িয়াছে। শ্রীমোহিনীমোহন মুখোপাধ্যায় মহাশয়ের বড় ঘরের টিনের চাল ও অন্যান্য ব্যক্তির ঘরের চাল উড়িয়া গিয়াছে। গৃহস্থগণ এই আকস্মিক দুর্ঘটনায় বিশেষ বিব্রত হইয়াছেন। এরূপ ঝড় এতদঞ্চলে বহুদিন হয় নাই বলিয়া প্রকাশ।

---

তপসিলী উপজাতীয় ছাত্রদের

## বিনা ব্যয়ে অধ্যয়ন

পশ্চিম বঙ্গ সরকারের অনুদান

পশ্চিমবঙ্গে মাধ্যমিক স্তরে তফসিলী উপজাতীয় ছাত্রদের বিনা ব্যয়ে শিক্ষা লাভের ব্যবস্থা করার জন্য পশ্চিমবঙ্গ সরকার চলিত বৎসরে পশ্চিমবঙ্গের শিক্ষা অধিকর্ত্তার হাতে ২,৩৫,০০০৲ টাকা দিয়াছেন।

—বেসরকারী নোট

## সদস্য নির্ব্বাচন

নদীয়া-মুর্শিদাবাদ স্থানীয় দ্বি-আসনযুক্ত নির্ব্বাচন কেন্দ্র হইতে কংগ্রেসপ্রার্থী শ্রীতারকদাস বন্দ্যোপাধ্যায় ও স্বতন্ত্রপ্রার্থী শ্রীনগেন্দ্রকুমার ভট্টাচার্য্য পশ্চিম বঙ্গীয় বিধান পরিষদে নির্ব্বাচিত হইয়াছেন।

---

কান্দী পৌরসভার

## সভাপতি ও সহ-সভাপতি

বিগত ৮ই মে তারিখে কান্দী পৌরসভা-গৃহে মহকুমা শাসক শ্রীকালীপদ ঘোষ মহাশয়ের উপস্থিতিতে ও শ্রীমনোজেন্দ্রনারায়ণ রায় চৌধুরী মহাশয়ের সভাপতিত্বে কান্দী পৌরসভার সভাপতি ও সহসভাপতি নির্ব্বাচন হইয়াছে। শ্রীঅরুণেন্দুনারায়ণ রায় সভাপতি ও শ্রীপ্রভাতকুমার ঘোষ সহসভাপতি নির্ব্বাচিত হইয়াছেন।

---

## অভিনব ফন্দী

রঘুনাথগঞ্জ থানার এলাকা সাহাজাদপুর ঘাটে চোরাকারবারীরা পর্দ্দা আঁটা টপর দেওয়া গোগাড়ীতে পর্দ্দানসীন বিবি আছে বলিয়া পাকিস্থান হইতে আমদানীকৃত অনেক টাকার লঙ্কা পাচার করিতেছিল। পথিমধ্যে অরঙ্গাবাদ স্থলশুল্ক বিভাগের কর্ম্মচারিগণ রাইফেলধারী পুলিসের সাহায্যে সমস্ত মাল বিশেষ কর্ম্মতৎপরতার সহিত ধরিয়া ফেলিয়াছেন।

---

## রবীন্দ্র জয়ন্তী

গত ৩রা জ্যৈষ্ঠ বৃহস্পতিবার রঘুনাথগঞ্জ ম্যাকেঞ্জি পার্কে দেশবন্ধু-যতীনদাস পাঠাগারের সভ্যবৃন্দের উদ্যোগে রবীন্দ্র জয়ন্তী উৎসব অনুষ্ঠিত হইয়াছে। উক্ত অনুষ্ঠানে জঙ্গিপুরের মহকুমা শাসক শ্রীসুধীন্দু চৌধুরী মহাশয় [illegible]ভাপতিত্ব করেন এবং প্রফেসার রেজাউল করিম সাহেব প্রধান অতিথির আসন গ্রহণ করেন। সভায় বহু লোকের সমাবেশ হইয়াছিল।

---

## ভারতে দশমিক মুদ্রা প্রবর্ত্তন

১৩ই মে ভারত সরকারের প্রচারিত এক বিজ্ঞপ্তিতে বলা হইয়াছে যে, আগামী ১৯৫৭ সালের ১লা এপ্রিল হইতে ভারতে নয়া দশমিক মুদ্রা প্রবর্ত্তন হইবে। নয়া মুদ্রা প্রবর্ত্তনের পরও প্রায় ৩ বৎসর কাল বর্ত্তমান মুদ্রাসমূহ চালু থাকিবে। এই সময়ের মধ্যে উহাদের ক্রমশঃ বাজার হইতে তুলিয়া লওয়া হইবে। সুতরাং নয়া মুদ্রা চালু হইলেও বর্ত্তমান মুদ্রা পরিস্থিতি সম্পর্কে কাহারও বিচলিত হইবার প্রয়োজন নাই।

---

## ধান চুরি

গত ৩রা জ্যৈষ্ঠ বৃহস্পতিবার রাত্রে সেন্‌ডা গ্রামের শ্রীশ্যামাপদ মুখোপাধ্যায় মহাশয়ের ধানের গোলা হইতে চোরে অনেক টাকার ধান চুরি করিয়াছে।

---

## অশোক স্তম্ভ ছাড়া অন্য নোট চলিবে না

ভারত সরকার সম্প্রতি এক ঘোষণা মারফতে জানাইয়াছেন যে, ২৮শে এপ্রিল তারিখ হইতে আগামী ছ'মাসের পর যে সব নোটে অশোক স্তম্ভ ছাপ থাকিবে না সেই নোটগুলি বাজারে চলিবে না। তবে রিজার্ভ ব্যাঙ্ক, ট্রেজারী, ষ্টেট ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া প্রভৃতি কেন্দ্রগুলিতে ঐ নোট ভাঙ্গানো চলিবে।

সরকার এই নোটগুলি ধীরে ধীরে বাজারে প্রচলন বন্ধ করিতে চান বলিয়া অনুরূপ ঘোষণা করা হইয়াছে।

---


## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ১১ই জুন ১৯৫৬

১৯৫৫ সালের ডিক্রীজারী

২৪৭ থাং ডিঃ অর্দ্ধেন্দুশেখর নাথ দিং দেং ভক্তিভূষণ দাস দিং দাবি ১৭৷৶৩ থানা সুতী মৌজে ফতেউল্লাপুর ১৴০ বিঘার কাত ।৶৩॥ আঃ ২৫৲ স্থিতিবান স্বত্ব

---




## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪৭২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷৹ টাকা ও মাশুলাদি ১৶৹ এক টাকা তিন আনা।

সোল এজেন্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্
এখানে নূতন কিনিতে পাইবেন।
এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত